অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/12/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো জরুরি পরিকল্পনা ও প্রতিক্রিয়ায় সমর্থন করতে ফেডারেল ফান্ডে 15.1 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের ঘোষণা করেন

তহবিল জরুরি পরিকল্পনার প্রচেষ্টা এবং কার্যকরী প্রস্তুতিকে সমর্থন করে

আবেদনের শেষ তারিখ 21 আগস্ট, 2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট এবং কাউন্টি ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সিগুলোর জন্য ফেডারেল তহবিলে 15.1 মিলিয়ন মার্কিন ডলার সরবরাহ করা হচ্ছে যাতে নিউ ইয়র্ক যেকোনো ধরনের দুর্যোগের সম্মুখীন হলে তার পরিকল্পনা ও কার্যকরী প্রস্তুতিকে সমর্থন করা যায়।

ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট পারফরমেন্স গ্রান্ট, একটি বার্ষিক অনুদান প্রোগ্রাম, পুরস্কারপ্রাপ্তরা জরুরি প্রতিক্রিয়া রিসোর্স অর্জনের প্রশিক্ষণ এবং অনুশীলন উন্নয়ন ও বাস্তবায়ন থেকে শুরু করে প্রচেষ্টাকে সমর্থন করার জন্য তহবিল অ্যাক্সেস করতে পারে।য় এই তহবিলে COVID-19 মহামারিকে কেন্দ্র করে একই ধরনের প্রচেষ্টার জন্য ইতোমধ্যে স্টেটকে 4.3 মিলিন মার্কিন ডলারের সম্পূরক অনুদান প্রদান করা হয়েছে।

"COVID-19 এর মতো অদৃশ্য শত্রুর বিরুদ্ধে লড়াই হোক বা চরম আবহাওয়ার পরিস্থিতি মোকাবেলায় কমিউনিটিকে সহায়তা করা হোক, স্থানীয় সরকার জরুরি অবস্থা পরিচালনায় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং আমাদের স্থানীয় অংশীদারদের সমর্থন করার জন্য এবং নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখার জন্য তাদের প্রয়োজনীয় সম্পদ নিশ্চিত করার জন্য আমাদের সর্বাত্মক প্রচেষ্টা চালাতে হবে," **গভর্নর কুওমো বলেন।** "এই তহবিল হাতে থাকায়, আমাদের স্থানীয় অংশীদাররা যে কমিউনিটিকে সেবাপ্রদান করে তাদের সুরক্ষার জন্য এখন ভালো অবস্থানে থাকবে, এই নতুন বাস্তবতা যাই হোক না কেন।"

2020 অর্থবছরে (Fiscal Year, FY) নিউ ইয়র্ককে দেওয়া 15.1 মিলিয়ন মার্কিন ডলার FY2019 থেকে সামান্য বৃদ্ধির প্রতিনিধিত্ব করে, যখন নিউ ইয়র্ককে 15.03 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়। বিগত বছরগুলির মতো, তহবিলের 51 শতাংশ (7.7 মিলিয়ন মার্কিন ডলার) স্টেটের সামগ্রিক প্রস্তুতি বৃদ্ধি এবং জরুরি ব্যবস্থাপনার সকল ঝুঁকিকে সমর্থন করবে। অবশিষ্ট 49 শতাংশ

(7.4 মিলিয়ন মার্কিন ডলার) একটি জনসংখ্যা চালিত সূত্রের উপর ভিত্তি করে স্বতন্ত্র কাউন্টিতে উপলব্ধ করা হচ্ছে।

এই তহবিল অ্যাক্সেস করার জন্য, স্থানীয় পুরস্কারপ্রাপ্তদের অবশ্যই এমন প্রকল্প বা উদ্যোগ তৈরি করতে হবে যা সকল ঝুঁকি মোকাবেলায় তাদের নিজস্ব প্রস্তুতি এবং প্রতিক্রিয়া ক্ষমতাকে শক্তিশালী করবে। জাতীয় উন্নয়নের প্রয়োজন হিসেবে ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA) কর্তৃক চিহ্নিত যেকোনো প্রচেষ্টা মোকাবেলায় প্রকল্পের মনোযোগ প্রদান করা উচিত। এর মধ্যে রেছে লজিস্টিক এবং ডিস্ট্রিবিউশন ম্যানেজমেন্ট পরিকল্পনা, খালি করার পরিকল্পনা, দুর্যোগের আর্থিক ব্যবস্থাপনা, বিপর্যয় মোকাবিলা আবাসন এবং স্থিতিশীল যোগাযোগ।

নিউ ইয়র্ক স্টেট স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগের কমিশনার প্যাট্রিক এ. মার্ফি বলেছেন, "গত কয়েক বছর ধরে, নিউ ইয়র্ক প্রাকৃতিক দুর্যোগ থেকে শুরু করে সন্ত্রাসবাদ পর্যন্ত বিভিন্ন জরুরি পরিস্থিতির সম্মুখীন হয়েছে, যার ফলে ঝুঁকি যাই হোক না কেন জরুরি ব্যবস্থাপনা বিশেষজ্ঞদের কাছে কমিউনিটিগুলিকে সুরক্ষিত রাখার জন্য প্রয়োজনীয় রিসোর্স রয়েছে। এই তহবিল শুধুমাত্র আমাদের প্রস্তুতি অব্যাহত রাখার জন্য স্টেটের প্রচেষ্টাকে সমর্থন করে না, পাশাপাশি তাদের ক্ষমতা আরো বৃদ্ধির জন্য আমাদের স্থানীয় অংশীদারদের গুরুত্বপূর্ণ তহবিল সরবরাহ করে।"

এই কাঠামোর মধ্যে কাজ করে, তহবিল সমর্থন করতে ব্যবহার করা যেতে পারে:

- ব্যবস্থাপনা ও প্রশাসনিক কার্যক্রম;
- পরিকল্পনা;
- ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সির জন্য স্টাফিং;
- সরঞ্জাম;
- প্রশিক্ষণ ও অনুশীলন;
- জরুরি অপারেশন সেন্টারগুলি নির্মাণ ও সংস্কার এবং
- ভৌগলিক তথ্য ব্যবস্থা (Geographic Information Systems, GIS) এবং ইন্টারঅপারেবল কমিউনিকেশন সিস্টেমের রক্ষণাবেক্ষণ ও টেকসই

অনুপযুক্ত খরচের মধ্যে রয়েছে:

- অব্যবহারযোগ্য সরঞ্জাম: আগ্নেয়াস্ত্র, গোলাবারুদ, গ্রেনেড লঞ্চার, বেয়নেট অথবা অস্ত্রযুক্ত বিমান, জাহাজ বা যেকোনো ধরনের অস্ত্র ইনস্টল করা যানবাহন।
- গতানুগতিক জননিরাপত্তার দায়িত্ব পালনের লক্ষ্যে বা গতানুগতিক জননিরাপত্তার অবস্থান ও দায়িত্ব পালনের উদ্দেশ্যে শপথ নেওয়া জননিরাপত্তা কর্মকর্তাদের নিয়োগের ক্ষেত্রে সহায়তা করার ব্যয়।
- EMPG প্রোগ্রামের সমাপ্তি ও বাস্তবায়নের সাথে সম্পর্কিত নয় এমন কার্যক্রম ও প্রকল্প।

স্থানীয় জরুরি ব্যবস্থাপনা সংস্থার জন্য উপলব্ধ পুরস্কারের পরিমাণ নিচে দেওয়া হলো:

পুরস্কারপ্রাপ্ত	মোট পুরস্কার
Albany County	$116,987
Allegany County	$23,019
Broome County	$78,847
Cattaraugus County	$34,567
Cayuga County	$34,460
Chautauqua County	$54,663
Chemung County	$37,701
Chenango County	$23,582
Clinton County	$35,234
Columbia County	$28,228
Cortland County	$23,162
Delaware County	$22,663
Dutchess County	$114,515
Erie County	$343,328
Essex County	$19,493
Franklin County	$23,995
Fulton County	$25,443
Genesee County	$27,117
Greene County	$23,120
Hamilton County	$6,780
Herkimer County	$28,751
Jefferson County	$47,788
Lewis County	$14,972
Livingston County	$29,073
Madison County	$32,036
Monroe County	$279,017
Montgomery County	$23,487
Nassau County	$498,124
Niagara County	$84,689
Oneida County	$91,466
Onondaga County	$176,927
Ontario County	$44,733
Orange County	$142,244

Orleans County	$20,787
Oswego County	$49,952
Otsego County	$27,920
Putnam County	$41,706
Rensselaer County	$63,691
Rockland County	$119,742
St. Lawrence County	$46,210
Saratoga County	$85,844
Schenectady County	$61,960
Schoharie County	$17,056
Schuyler County	$11,753
Seneca County	$17,977
Steuben County	$41,441
Suffolk County	$554,750
Sullivan County	$33,548
Tioga County	$23,821
Tompkins County	$42,389
Ulster County	$72,181
Warren County	$29,189
Washington County	$28,272
Wayne County	$39,520
Westchester County	$354,399
Wyoming County	$20,519
Yates County	$14,331
New York City	$3,014,527
মোট	**7,423,696 মার্কিন ডলার**

হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিস (Division of Homeland Security and Emergency Services, DHSES) এর নিউ ইয়র্ক স্টেট বিভাগ FEMA এর পক্ষে এই তহবিল পরিচালনা করবে। হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড এমার্জেন্সি সার্ভিস বিভাগ (Division of Homeland Security and Emergency Services) কেবলমাত্র সমস্ত নির্দেশিকা এবং আবেদনের নথি হাতে রয়েছে তা নিশ্চিত করতে নয় বরং আবেদন প্রক্রিয়াটিতে সহায়তা এবং প্রয়োজনে অতিরিক্ত তথ্য সরবরাহের জন্য প্রতিটি অধিক্ষেত্রের জরুরি ব্যবস্থাপনার অফিসের সাথে সরাসরি যোগাযোগ করবে।

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ সম্পর্কে

নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা এবং জরুরি পরিষেবা বিভাগ (New York State Division of Homeland Security and Emergency Services) সন্ত্রাসবাদ এবং অন্যান্য মানবসৃষ্ট এবং প্রাকৃতিক বিপর্যয়, হুমকি, অগ্নিকান্ড ও অন্যান্য জরুরী অবস্থা প্রতিরোধ, এগুলোর বিরুদ্ধে সুরক্ষা, এগুলোর প্রতি সাড়া প্রদান করা, এগুলো থেকে নিয়ন্ত্রণ ফিরে পাওয়ার প্রচেষ্টার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য DHSES ফেসবুক পেইজ পরিদর্শন করুন, টুইটারে @NYSDHSES টুইটার বা ইন্সটাগ্রামে অনুসরণ করুন অথবা dhses.ny.gov পরিদর্শন করুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন